

ত্রিপুরা সরকার তথ্য ও সংস্কৃতি অধিকার

* * * * *

স-৪৪৪৮(আগরতলা ৩১)
খোয়াই, ৩ জানুয়ারি, ২০২৪

তুলাশিখর রাকে দু'দিনব্যাপী বিকাশ শিবির সমাপ্ত

বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রতিঘরে সুশাসন ২.০ অভিযানের দু'দিনব্যাপি বিকাশ শিবির সম্পত্তি তুলাশিখর ঝাকের গোপালনগর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে সমাপ্ত হয়েছে। শিবিরে উপস্থিত ছিলেন ঝাক আধিকারিক মানস মুড়াসিং, খোয়াই মহকুমা শাসক কার্যালয়ের ডিসি দীপঙ্কর সরকার এবং কিশোর দেববর্মা প্রমুখ। এছাড়া উপস্থিত ছিলেন এলাকার বিশিষ্ট সমাজসেবী মনিময় দেববর্মা। শিবিরে উপস্থিত বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প সম্পর্কে গ্রামবাসীদের অবহিত করেন। শিবিরে মহকুমা শাসক কার্যালয়ের পক্ষ থেকে ১২৪টি এসটি, ১৪০টি পিআরটিসি, ২৩টি ইনকাম এবং ৩৫টি ম্যারেজ সার্টিফিকেটের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। এছাড়া ত্রিপুরা জীবন জীবিকা মিশন প্রকল্পে ৩টি স্বসহায়ক দলকে ৬ লক্ষ টাকার ঋণের চেক তুলে দেওয়া হয়। তাছাড়া প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বীমা যোজনায় ১৭টি, অটল পেনশন যোজনায় ২টি এবং প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনায় ১২টি আবেদনপত্র জমা নেওয়া হয়। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের পক্ষ থেকে ১৮ জনকে মাশরুম বীজের চারা এবং ৭৩ জনকে বিভিন্ন প্রজাতির ফুলের চারা প্রদান করা হয়। এছাড়া ২ জন সুবিধাভোগীর কাছ থেকে পিএম কিষাণ যোজনায় ও ১ জন সুবিধাভোগীর কাছ থেকে কেসিসি লোনের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। শিবিরে মৎস্য দপ্তরের পক্ষ থেকে ৪১ জনকে ৫০০টি করে মাছের পোনা বিতরণ করা হয়, ৫ জনকে মৎস্যচাষের বিষয়ে সচেতনতামূলক পুস্তিকা এবং ৭ জনকে মাছের ঔষধ দেওয়া হয়। শিবিরে ১৫০ জনের কাছ থেকে আরওআর শংসাপত্রের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। তাছাড়া ৪১ জনকে ৫০০টি করে মাছের পোনা দেওয়া হয়। শিবিরে ১০০ জন শিশুকে পুষ্টি কিট প্রদান করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ১৮ জনের সুগার পরীক্ষা করা হয় এবং ৬১ জনের স্বাস্থ্য পরীক্ষা করে ঔষধ দেওয়া হয়। এছাড়াও শিবিরে ৯ জনের কাছ থেকে আয়ুষ্মান কার্ডের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। তাছাড়া শিবিরে খাদ্য, জনসংতরণ ও ভোক্তা বিষয়ক দপ্তরের পক্ষ থেকে রেশনকার্ডের জন্য ৪০টি আবেদনপত্র জমা নেওয়া হয়। শিবিরে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ২৯টি পরিবারের ১৫০টি গবাদি পশুপাখির পরীক্ষা করে ঔষধ দেওয়া হয়। শিবিরে বিকশিত ভারত সংকল্প যাত্রার আম্যমান প্রচার ভ্যানটিকে স্বাগত জানানো হয়। শিবিরে উপস্থিত সকলে বিকশিত ভারতের জন্য শপথ গ্রহণ করেন। শিবিরে পশ্চিম বাচাইবাড়ি এবং পূর্ব বাচাইবাড়ি এলাকার গ্রামবাসীগণ অংশগ্রহণ করেন।

* * * * *